



## শ্রমিকদের অধিকার সুরক্ষায় বর্তমান সরকার সবচেয়ে বেশি কাজ করেছে: শ্রম উপদেষ্টা



সংগৃহীত ছবি

দেশে টেকসই উন্নয়ন নিশ্চিত করতে বিনিয়োগ, কর্মসংস্থান এবং আধুনিক প্রযুক্তির ব্যবহার বাড়ানোর বিকল্প নেই বলে মন্তব্য করেছেন শ্রম উপদেষ্টা ড. এম সাখাওয়াত হোসেন। তিনি বলেন, শ্রমিকদের কল্যাণে বর্তমান সরকারের মতো এত ব্যাপক উদ্যোগ অতীতে কোনো সময়ে দেখা যায়নি।

সোমবার (৮ ডিসেম্বর) সচিবালয়ে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের বার্ষিক কার্যক্রম উপস্থাপন করতে গিয়ে তিনি এসব কথা বলেন। উপদেষ্টা জানান, গত এক বছরে শ্রমিক অসন্তোষ কমাতে এবং তাদের ন্যায্য পাওনা নিশ্চিত করতে সরকার সক্রিয়ভাবে কাজ করেছে। বড় নির্মাণ প্রতিষ্ঠানগুলো যদি শ্রম আইন লঙ্ঘন করে, তবে তারা ভবিষ্যতে কোনো সরকারি প্রকল্পে অংশ নিতে পারবে না বলেও সতর্ক করেন তিনি।

চট্টগ্রাম বন্দরকে ঘিরে দীর্ঘদিনের অনিয়মের কথাও তুলে ধরেন ড. সাখাওয়াত। তার দাবি, বন্দরে প্রতিদিন কয়েক কোটি টাকার চাঁদাবাজি হয় এবং অতীতের অনেক মেয়র উন্নয়নকাজের চেয়ে বন্দরকেন্দ্রিক সুবিধা নিতে বেশি আগ্রহী ছিলেন। তিনি বলেন, “এই বন্দর অনেকের কাছে যেন সোনার ডিম পাড়া মুরগি—যা পেয়েছে তাই কেটে খেতে চেয়েছে।”

রাজনৈতিক পরিস্থিতি ও নির্বাচন প্রসঙ্গে তিনি বলেন, দেশে একসময় ওয়ান-ইলেভেনের মতো পরিস্থিতিও দেখা গেছে, তবে এখন রাজনৈতিক দলগুলোর মধ্যে সহিংস সংঘাত নেই। মতবিরোধ থাকলেও সেটিই রাজনীতির স্বাভাবিক ছন্দ। নির্বাচন নিয়ে আস্থাহীনতা আছে কি না—এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, অনেক বছর বড় নির্বাচন হয়নি বলে জনগণের মনে এমন ধারণা তৈরি হতে পারে। কিন্তু সুষ্ঠু ভোটের জন্য প্রস্তুতি চলছে এবং নির্ধারিত সময়েই নির্বাচন হবে—এ নিয়ে সন্দেহের কোনো কারণ নেই।